



সমন্বয়ক পরিচয়ে গুলশানে চাঁদাবাজি, হাতেনাতে ধরা পড়লো ৫ জন



সংগৃহীত ছবি

রাজধানীর গুলশানে ‘সমন্বয়ক’ পরিচয় দিয়ে চাঁদা দাবি করতে গিয়ে হাতেনাতে ধরা পড়েছেন পাঁচ যুবক। শনিবার (২৬ জুলাই) সন্ধ্যায় গুলশান ৮৩ নম্বর রোডে এই ঘটনা ঘটে। গুলশান থানা পুলিশ জানিয়েছে, রিয়াদ নামে একজনের নেতৃত্বে ওই চক্রটি একটি বাড়িতে গিয়ে চাঁদা দাবি করে। অভিযুক্ত রিয়াদ কিছুদিন আগে তার সহযোগীদের নিয়ে এক সাবেক সংসদ সদস্যের বাসায় যান এবং সেখানে ৫০ লাখ টাকা চাঁদা দাবি করেন। পরে তারা ১০ লাখ টাকা নিয়ে ফেরত আসেন। শনিবার ফের চাঁদাবাজির উদ্দেশ্যে গেলে স্থানীয়দের সহায়তায় পুলিশ এসে রিয়াদসহ পাঁচজনকে আটক করে। বর্তমানে তারা গুলশান থানার হেফাজতে রয়েছেন। গুলশান থানা বিষয়টি নিশ্চিত করেছে এবং এ বিষয়ে বিস্তারিত তদন্ত চলছে।

LENS ASIA